

৪৮ Report

এসএসসি পরীক্ষায় অতিরিক্ত ফি আদায়কারীর বিরুদ্ধে ব্যবস্থা নেবে বরিশাল শিক্ষা বোর্ড

৪ বরিশাল অফিস ৪
এ বছর এসএসসি পরীক্ষার ফরম হিসাবপত্র
হয়-হয়ীদের কাছ থেকে বোর্ড নির্ধারিত ফি
ছাড়া অতিরিক্ত টাকা আদায় করা হলে অতিরিক্ত
শিক্ষা প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা
গ্রহণের ঘোষণা দিয়েছে বরিশাল শিক্ষা বোর্ড
কর্তৃপক্ষ। প্রতি বছর নগরীর সরকারী-
বেসরকারী স্কুল থেকে শুরু করে উপজেলা
পর্যায়ের স্কুলগুলো শিক্ষার্থীদের কাছ থেকে বোর্ড

নির্ধারিত ফি-র দেড়গুণ/দ্বিগুণ টাকা আদায়
করত। বরিশাল শিক্ষা বোর্ড সূত্র জানায়, ২০০৭
সালে বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের জন্য ফি
নির্ধারণ করা হয়েছে ৭২০ টাকা এবং মানবিক
ও বাণিজ্য বিভাগের জন্য ৬৩০ টাকা। শুধু গত
বছরের কেন্দ্র ফি ১২০ টাকার স্থলে বাড়িয়ে তা
২শ' টাকা করা হয়েছে। অর্থাৎ গত বছর
এসএসসি পরীক্ষায় এ টাকার স্থলে এবানকার
সরকারী জিলা স্কুল, ব্যান্টিট মিশন, কাউনিয়া
বালিকা বিদ্যালয়, মমতাজ মজিদুন্নেছা বালিকা
বিদ্যালয় ও এ. ওয়াহেদ বালিকা বিদ্যালয়সহ
উপজেলার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে
২৫শ' থেকে ৩ হাজার টাকা পর্যন্ত আদায় করা
হয়েছে। এ বছর যাতে শিক্ষা প্রতিষ্ঠানগুলো
শিক্ষার্থীদের কাছ থেকে বোর্ড নির্ধারিত ফি ছাড়া
অতিরিক্ত ফি আদায় করতে না পারে এ জন্য
বরিশাল শিক্ষা (১৫শ পৃঃ ৩-এর কঃ ৫ঃ)

এসএসসি পরীক্ষায়

(১৬শ পৃঃ পর)

বোর্ড থেকে সতর্ক করে চিঠি দেয়া হয়েছে। পরীক্ষা
নিয়ন্ত্রক মুহাম্মদ শাহ আদমগীর স্বাক্ষরিত ঐ
চিঠিতে অতিরিক্ত ফি আদায়ের ব্যাপারে
কঠোরভাবে সতর্ক করে দেয়া হয়। শিক্ষা বোর্ড সূত্র
জানায়, শতভাগ বেতনভাতা প্রদান করা সত্ত্বেও
শিক্ষা প্রতিষ্ঠানগুলো শিক্ষার্থীদের জিফি করে উন্নয়ন
বাত, বাতায়ন, কনট্রোলিং ও পিকনিক বাবদ ফি
আদায় করত। এ বছর তা মেনে নেয়া হবে না।
কোন শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে অতিরিক্ত ফি
আদায়ের অভিযোগ পাওয়া গেলে কঠোর ব্যবস্থা
গ্রহণ করা হবে। উল্লেখ্য, শিক্ষার্থীদের কাছ থেকে
বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অতিরিক্ত ফি আদায়ের
ব্যাপারে অভিযোগের প্রেক্ষিতে ২০০৫ সালে জেলা
প্রশাসক ডা. নিরসনের উদ্যোগ গ্রহণ করে। ফলে ঐ
বছর বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান তাদের নির্ধারিত
ফি আদায়ে ব্যর্থ হয়। ২০০৬ সালে কোন তদারকি
না থাকায় শিক্ষা প্রতিষ্ঠানগুলো পূর্বের মত বোর্ড
নির্ধারিত ফি-র দেড়গুণ/দ্বিগুণ আদায় করে।